

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০

নং-১০.০৩.০০০০.০০০.০০১.১১(খ).০০০৯.২৫.১৯১

তারিখঃ ২৯ ভাদ্র, ১৪৩৩
১৩ সেপ্টেম্বর, ২০২৬

বিষয় : ‘গাড়িচালক’ পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ নিমিত্ত সুপারিশ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জেলা জজ ও অধস্তন আদালত/ট্রাইব্যুনালসমূহে ‘গাড়িচালক’ পদে সরাসরি নিয়োগ নিমিত্ত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক গৃহীত পরীক্ষাসমূহে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে উক্ত পদে সুপারিশের জন্য প্রস্তুতকৃত অপেক্ষমাণ তালিকা হতে নিম্নছকে উল্লিখিত প্রার্থীকে জেলা ও দায়রা জজ আদালত, লক্ষ্মীপুর এ ‘গাড়িচালক’ পদে নিম্নবর্ণিত শর্তে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য সুপারিশ করা হলো :

প্রার্থীর নাম : মোঃ আবু জালাত
পিতার নাম : মোঃ আব্দুল কুদ্দুস
মাতার নাম : মোছাঃ নাজমা কুদ্দুস
জন্ম তারিখ : ০৫.০৭.১৯৯৬ খ্রিঃ



শর্তসমূহ :

- ১। পুলিশ/নিরাপত্তা ভেরিফিকেশন এবং স্বাস্থ্য পরীক্ষার (ডোপ টেস্টসহ) রিপোর্টে নিয়োগ নিমিত্ত সুপারিশপ্রাপ্ত প্রার্থী অনুপযুক্ত বিবেচিত হলে এ সুপারিশপত্র তাৎক্ষণিকভাবে বাতিল মর্মে গণ্য হবে এবং সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ প্রার্থীকে অব্যাহতি প্রদান করবে;
- ২। সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ অত্র সুপারিশপত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সুপারিশকৃত প্রার্থীর অনুকূলে নিয়োগপত্র ইস্যু করবেন। নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখে সুপারিশকৃত প্রার্থীকে যোগদান করতে হবে;
- ৩। প্রার্থীর নামের পাশে প্রদত্ত ছবি, স্বাক্ষর ও প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্রের সঠিকতা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক আবশ্যিকভাবে যাচাই করতে হবে। এ ধরনের যাচাইকালে সুপারিশকৃত প্রার্থীর সনদ যথাযথ নয় মর্মে প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবেন;
- ৪। সংশ্লিষ্ট প্রার্থীর চাকুরী স্থায়ীকরণের জন্য প্রযোজ্য ক্ষেত্রে ‘জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯’ অথবা ‘জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসী ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটসীর আদালতসমূহ (সহায়ক কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮’ এর শিক্ষানবিস সংক্রান্ত সংশ্লিষ্ট বিধি অনুসরণ করতে হবে;
- ৫। সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৩(১) বিধি অনুযায়ী সুপারিশপ্রাপ্ত প্রার্থীগণকে চাকরিতে যোগদান করার সময় নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাঁর এবং তাঁর পরিবারের সদস্যদের (স্বামী/স্ত্রী) মালিকানাধীন স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরম (কমিশন ওয়েবসাইটে প্রদর্শিত) পূরণ করে জমা দিতে হবে;
- ৬। সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ তার অধীনস্থ সুপারিশকৃত প্রার্থীদের নিয়োগ কার্যক্রম সম্পন্ন হওয়ার ১৫ (পনেরো) কর্মদিবসের মধ্যে যোগদান ও সম্পদের হিসাব বিবরণী দাখিল সংক্রান্ত তথ্য বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয় বরাবর প্রেরণ করবেন।

(এ.জি.এম. আল মাসুদ)

সভাপতি

অধস্তন আদালতসমূহের শূন্যপদে সরাসরি নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন।

প্রাপক :

নিয়োগকারী কর্তৃপক্ষ

ও

জেলা ও দায়রা জজ, লক্ষ্মীপুর।

অনুলিপি বিতরণ :

- ১। জনাব মোঃ আবু জালাত, গ্রাম : বারশিয়া, ডাকঘর : মাগুরা সদর-৭৬০০, উপজেলা : মাগুরা সদর, জেলা : মাগুরা;
- ২। অফিস কপি।